যুগান্তর

তারিখ 10 MAR 2017

মন্ত্রণালয়ের আদেশ জারি

# ঢাবির অধীনে গেল রাজধানীর ৭ সরকারি কলেজ

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ৭ সরকারি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়কে হস্তান্তরের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বৃহস্পতিবার এ সংক্রান্ত সরকারি আদেশ জারি করা হয়। এতে সিদ্ধান্ত বাস্তবায়নে পদক্ষেপ নেয়ার পাশাপাশি বিধি-বিধান সংশোধনে পরবর্তী করণীয় জানাতে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) বলা হয়।

কলেজগুলো হচ্ছে— ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।

প্রধানমন্ত্রী ২০১৪ সালের ৩১ আগস্ট শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শন করেন। ওই সময় তিনি উচ্চশিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সরকারি কলেজগুলো সংশ্লিষ্ট এলাকার পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীন ছেড়ে দেয়ার দিকনির্দেশনা দেন। ওই নির্দেশনার অংশ হিসেবে প্রাথমিকভাবে ঢাকা মহানগরের উল্লিখিত ৭ কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছাড়া হল। ১৯৯২ সালে আইন করে দেশের সব সরকারি-বেসরকারি কলেজ পরিচালনার ভার জাতীয় বিশ্ববিদ্যালয়কে দেয়া হয়েছিল।